

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: শিম/শাঃ ৫/৬বি-১৮/৯৫ (পার্ট-২)-১৫৩

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮
১৩ জুন ২০২১

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০২ ডিসেম্বর ২০২০ তারিখের ৮০.০০.০০০০.১০৯.১১.০০২.২০২০-১৫৮ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে, পুলিশ কর্তৃক প্রাক চাকরি বৃত্তান্ত যাচাই প্রতিবেদন ও স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য না থাকায় চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ এর ৮ ২২,০০০-৫৩,০৬০/- (০৯ম গ্রেড) বেতনক্রমে এবং প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে নিম্নোক্ত প্রার্থীগণকে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর 'পরিসংখ্যান কর্মকর্তা'-এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো:

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং রেজিঃ নং	স্থায়ী ঠিকানা
১	নামঃ উম্মে নাজাইরা লিজা পিতাঃ মোঃ নুরুল ইসলাম খান মাতাঃ দেলোয়ারা ইসলাম রেজিঃ নং- ১০২৭৯৩	গ্রাম: বালিকুড়ি, ডাকঘর: নাগের পাড়া, উপজেলা: গোসাইর হাট, জেলা: শরীয়তপুর।
২	নামঃ মোঃ মাজহারুল ইসলাম পিতাঃ মোঃ হাবিবুল ইসলাম মাতাঃ হাসনা হেনা রেজিঃ নং- ০৮৫১৭৯	গ্রাম: চর খরিচা, ডাকঘর: চর খরিচা বাজার, উপজেলা: ময়মনসিংহ সদর, জেলা: ময়মনসিংহ।

২। শর্তাবলী:

- যোগদানের তারিখ হতে নিয়োগ কার্যকর হবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরি অবসান ঘটাতে পারবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি (Release) গ্রহণ করতে হবে;
- চাকরিতে যোগদানকালে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে যোগদানপত্রের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- যোগদানের সময় এ প্রজ্ঞাপনের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;
- চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না;
- বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক প্রণীত মেধাক্রম এবং নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারি (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হবে;

৩। উপরিলিখিত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৫ দিনের মধ্যে 'মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা' বরাবর যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

পাতা-০২

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।


(মোঃ নজরুল ইসলাম)
উপসচিব

ফোন : ৯৫৪৯১৩০

ইমেইল: sas_admin1@moedu.gov.bd

স্মারক নম্বর: শিম/শাঃ ৫/৬বি-১৮/৯৫ (পার্ট-২)-১৫৩

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮
১৩ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ৪) যুগ্মসচিব (উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১১) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ১২) হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রশাসনিক বিভাগ, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ১৩) জনাব উম্মে নাজাইরা লিজা, পিতা: মোঃ নুরুল ইসলাম খান, মাতা: দেলোয়ারা ইসলাম, রেজিঃ নং- ১০২৭৯৩, গ্রাম: বালিকুড়ি, ডাকঘর: নাগের পাড়া, উপজেলা: গোসাইরহাট, জেলা: শরীয়তপুর।
- ১৪) জনাব মোঃ মাজহারুল ইসলাম, পিতা: মোঃ হাবিবুল ইসলাম, মাতা: হাসনা হেনা, রেজিঃ নং- ০৮৫১৭৯, গ্রাম: চর খরিচা, ডাকঘর: চর খরিচা বাজার, উপজেলা: ময়মনসিংহ সদর, জেলা: ময়মনসিংহ।